

ব্যথা থাকে তাহলে আপনাকে যত তাড়াতাড়ি সম্ভব হাসপাতাল/দুর্ঘটনা এবং জরুরী বিভাগে উপস্থিত হতে হবে। আপনাকে একজন বিশেষজ্ঞ ডাক্তার (স্ত্রীরোগ বিশেষজ্ঞ) পর্যবেক্ষণ করতে হবে।

## আমার এক্টোপিক গর্ভধারণ হওয়ার সম্ভাবনা কতটুকু?

সৌভাগ্যবশত, যাদের গুরুতর দিকে অজানা স্থানে গর্ভধারণ হয়েছে বলে চিহ্নিত হয় তাদের বেশিরভাগেরই এক্টোপিক গর্ভধারণ হয় না। পরবর্তীতে পরীক্ষা করে প্রায় ১০% ব্যক্তির এক্টোপিক গর্ভধারণ পাওয়া যায়।

## যদি আমার প্রেগনেন্সি নষ্ট হয়ে যায়, তার মানে কি আমার এক্টোপিক গর্ভধারণ হয়নি?

বেশিরভাগ অজানা স্থানে গর্ভধারণ নষ্ট হয়ে যাওয়ার ক্ষেত্রে, গর্ভধারণের প্রকৃত অবস্থান কখনোই জানা যায় না। বেশিরভাগই ব্যর্থ অন্তঃইউটেরাইন (গর্ভাশয়ের মধ্যে) গর্ভধারণ - একে মিসক্যারেজও বলা হয়। কেবল আরেকটি আলট্রাসাউন্ড পরীক্ষা করার মাধ্যমে কোনো ব্যর্থ এক্টোপিক গর্ভধারণ নির্ণয় করা যায়, কিন্তু মেডিকেল সেবার দৃষ্টিকোণ থেকে এটিকে সাধারণত প্রয়োজনীয় হিসেবে দেখা হয় না।

## আপনার আবেগ

ডায়াগনোসিসের সময়টি দুশ্চিন্তার মধ্যে কাটতে পারে। বারবার হাসপাতালে যাওয়া আর পরীক্ষা করানোর ফলে সৃষ্ট মানসিক চাপের পাশাপাশি, আপনার সাথে যা ঘটছে সেটি মানসিকভাবে সামলে নেওয়া আপনার কাছে চ্যালেঞ্জিং বলে মনে হতে পারে। অধিকাংশের ক্ষেত্রে, কোনো কঠিন পরিস্থিতির মধ্য দিয়ে যাওয়ার সময়, এমন কেন ঘটছে

সেটি বুঝতে চেষ্টা করার প্রবণতা দেখা দেওয়া খুবই স্বাভাবিক। বিভিন্ন ধরনের পরীক্ষা এবং কেন এখনো কোনো সুনির্দিষ্ট উত্তর পাওয়া যাচ্ছে না সেটি বুঝতে চেষ্টা করা আপনাকে বিভ্রান্তিতে ফেলতে পারে। কোনো উত্তর না পাওয়ায় আপনি হতাশা বোধ করতে পারেন সেই সাথে সামনে কী হবে তা নিয়ে দুশ্চিন্তা দেখা দিতে পারে।

## আপনার সঙ্গীর আবেগ

আপনার অজানা স্থানে গর্ভধারণকে ঘিরে দুশ্চিন্তার প্রভাব আপনার সঙ্গীর উপরও পরতে পারে। যা ঘটেছে সেটি সামলে উঠার চেষ্টা করার পাশাপাশি, সেই একই সময়ে আপনাকে এমন শারিরিক ও মানসিক কঠিন পরীক্ষার মধ্য দিয়ে যেতে দেখে সে আপনার পাশে থাকার চেষ্টা করতে পারে।

আপনার সঙ্গী গর্ভধারণটির সাথে জড়িত হতে পারেন অথবা নাও হতে পারেন। হয়তো সে এই বিভ্রান্তি আর আপনাকে চিন্তিত হতে দেখে তার নিজের মানসিক চাপ মোকাবেলা করার চেষ্টা করছে। কারো কারো ক্ষেত্রে, সঙ্গী প্রেগনেন্সির চেয়ে আপনাকে বেশি গুরুত্ব দিতে পারে এবং এতে দুজনের মতের অমিল হতে পারে। মাঝে মাঝে আপনার সঙ্গীর মনে হতে পারে সে আপনার অনুভূতিগুলো ঠিক বুঝতে পারছে না অন্যদিকে আপনি ভাবতে পারেন আপনার সঙ্গী আপনি যেভাবে চাচ্ছেন সেভাবে আপনাকে সাহায্য করছে না। সঙ্গী “সবকিছু ঠিক করার” চেষ্টা করতে পারে অথবা যা কিছু ঘটছে সেসব নিয়ে সে কথা বলতে চাচ্ছে না বা এই জটিল প্রসঙ্গটি এড়িয়ে যেতে চাচ্ছে। এর কারণ এমন না যে সে বিষয়টিকে গুরুত্ব দিচ্ছে না বরং সে “সবকিছু সামলে উঠে ভালো থাকতে” চেষ্টা করছে। আপনার প্রতি সবার মনোযোগ বেশি থাকায় তার নিজেকে উপেক্ষিত ও একা বলে মনে হতে পারে।

যখন আপনি সক্ষম বোধ করবেন, তখন আপনি ও আপনার সঙ্গী দুজনের অনুভূতি নিয়ে কথা বলা খুবই জরুরী। অজানা স্থানে গর্ভধারণ নিয়ে দুশ্চিন্তা মোকাবেলায় আমরা আপনার সঙ্গীরও পাশে আছি।

## এক্টোপিক প্রেগনেন্সি ট্রাস্ট কিভাবে সহায়তা করতে পারে

এক্টোপিক প্রেগনেন্সি ট্রাস্ট অজানা স্থানে গর্ভধারণ ও এক্টোপিক গর্ভধারণের কারণে, যারা প্রাথমিক গর্ভাবস্থাকালীন জটিলতা ও ক্ষতির মধ্য দিয়ে যান তাদেরকে তথ্য ও সহায়তা প্রদান করে।

এপিটি তে, আমাদের অনেকেই একই শারিরিক ও মানসিক আঘাতের মধ্য দিয়ে গিয়েছি তাই আপনি ও আপনার প্রিয়জন এই মুহূর্তে কেমন বোধ করছেন তা আমরা বুঝি এবং একই কষ্ট অনুভব করি। হয়তো আপনার নিজেকে একা, এলোমেলো আর বিপন্ন মনে হচ্ছে। এই অভিজ্ঞতা এবং শারিরিক ও মানসিক দিক থেকে সামনে কী হতে পারে, সে ব্যাপারে আপনার প্রশ্ন থাকতে পারে। আপনাকে সহায়তা দিতে আমরা পাশে আছি। আমাদের ওয়েবসাইটে পিইউএল ও এক্টোপিক প্রেগনেন্সির শারিরিক ও মানসিক দিক সংক্রান্ত আরো তথ্য রয়েছে। ওয়েবসাইটটিতে মেডিকেলি-পরীক্ষিত বিষয়বস্তু অন্তর্ভুক্ত করা

হয়েছে, এছাড়াও রয়েছে আমাদের বিভিন্ন সহায়তা পরিষেবা সংক্রান্ত তথ্য যেখানে আপনি আপনার অভিজ্ঞতা শেয়ার করতে পারবেন এবং প্রশ্ন করতে পারবেন। যদি আপনি মনে করেন আমরা আপনাকে সাহায্য করতে পারি, তাহলে অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইটে যান।

অনুগ্রহ করে আরো তথ্য ও সহায়তার জন্য ectopic.org.uk এ যান।



Bengali

অজানা স্থানে  
গর্ভধারণ

Pregnancy of Unknown Location

The  
Ectopic  
Pregnancy  
Trust



Publication date: June 2022



Registered with  
FUNDRAISING  
REGULATOR

Website: [ectopic.org.uk](http://ectopic.org.uk)  
Helpline: 020 7733 2653  
Email: [ept@ectopic.org.uk](mailto:ept@ectopic.org.uk)

Registered charity number: 1071811



The  
Ectopic  
Pregnancy  
Trust



For healthcare professionals: To request further leaflets, please contact [leaflets@ectopic.org.uk](mailto:leaflets@ectopic.org.uk) or call 020 7096 1838 or text to 07537 416085



আমরা শুনে দুঃখিত যে আপনার স্বাস্থ্যসেবা পেশাজীবী আপনাকে জানিয়েছেন, আপনার অজানা স্থানে গর্ভধারণ হয়েছে।

এই সময়টা মানসিকভাবে কঠিন হতে পারে এবং সম্ভবত আপনার অজানা স্থানে গর্ভধারণের বিষয়ে আপনার কিছু প্রশ্ন থাকতে পারে। এই তথ্যপত্রে, আমরা সচরাচর জিজ্ঞেস করা হয় এমন কিছু প্রশ্নের উত্তর দিতে চেষ্টা করব।

আপনি [www.ectopic.org.uk](http://www.ectopic.org.uk) এ আরো তথ্য ও সহায়তা পাবেন।

## অজানা স্থানে গর্ভধারণ কী?

যখন আপনাকে ট্রান্সভার্জিনাল আল্ট্রাসাউন্ড পরীক্ষা (এক্ষেত্রে যোনির ভেতরে একটি প্রোব স্থাপন করা হয়) করানো হয় এবং স্ক্যানের মাধ্যমে গর্ভধারণটি দেখতে পাওয়া যায় না সেক্ষেত্রে আপনার অজানা স্থানে গর্ভধারণ হয়েছে বলে চিহ্নিত করা হয়।

যদি কোনো গর্ভধারণ জরায়ু গহ্বরের (গর্ভাশয়) বাইরে বা ভেতরে দেখা না যায়, অথবা যদি সোনোগ্রাফার এ ব্যাপারে নিশ্চিত না হন, তাহলে আপনাকে বলা হতে পারে যে এই পরিস্থিতিকে অজানা অবস্থানের গর্ভধারণ বা পিইউএল বলে চিহ্নিত করা হয়। এটি বোঝা গুরুত্বপূর্ণ যে পিইউএল কোনো রোগ নির্ণয় নয়, গর্ভাবস্থার চূড়ান্ত অবস্থান সুনির্দিষ্টভাবে চিহ্নিত না করা পর্যন্ত এটি একটি লেবেল হিসেবে দেওয়া হয়। এটি লক্ষ্য করাও গুরুত্বপূর্ণ যে এই চিহ্নিতকরণের অর্থ এমন নয় যে আপনার এক্টোপিক গর্ভধারণই হয়েছে, কেননা পিইউএল এর মধ্যে সুস্থ গর্ভাবস্থাও থাকে যা শুরুতে খুবই ছোট থাকে বলে আল্ট্রাসাউন্ডে দেখা যায় না সেই সাথে নষ্ট হয়ে যাওয়া গর্ভাবস্থাও থাকে যা অতি ক্ষুদ্র হওয়ায় দেখা যায় না।

পিইউএল পরিস্থিতির ক্ষেত্রে, hCG (একই হরমোন ইউরিনারি প্রেগনেসি টেস্টের ক্ষেত্রে পরীক্ষা করা হয়) এবং প্রোজেস্টেরন নামক আরেকটি হরমোন পরীক্ষা করার জন্য রক্ত নেওয়া হয়। প্রথম ফলাফলের উপর নির্ভর করে ৪৮ ঘণ্টা পর আবারো hCG টেস্ট করানো হতে পারে, এবং গর্ভধারণের অবস্থান শনাক্ত করতে আরেকটি আল্ট্রাসাউন্ড স্ক্যান করার প্রয়োজন আছে কিনা সে বিষয়ে ডাক্তারদের পরিকল্পনাকে সাহায্য করে।

এর কারণ হলো গর্ভধারণটির অবস্থান সুনির্দিষ্টভাবে না জানা পর্যন্ত, অথবা হরমোনের মাত্রা প্রেগনেসি লেভেলের নিচে নেমে গিয়ে থাকলে, এক্টোপিক গর্ভধারণের সাথে জড়িত ঝুঁকির জটিলতা দেখা দিতে পারে যা এখনো পর্যন্ত শনাক্ত করা যায়নি। প্রাথমিকভাবে পিইউএল হিসেবে চিহ্নিত প্রতি ১০০টি গর্ভধারণের মধ্যে, প্রায় ১২ টি পরবর্তীতে এক্টোপিক হিসেবে ধরা পড়ে। সবচেয়ে গুরুত্বপূর্ণ হলো, এই ১২ টির মধ্যে, কয়েকটির কোনো চিকিৎসার প্রয়োজন হয় না। আপনার ডাক্তার সম্ভাব্য চিকিৎসা বিকল্পগুলো নিয়ে আপনার সাথে কথা বলবেন।

কোনো প্রাথমিক গর্ভাবস্থার চূড়ান্ত অবস্থান এক্টোপিক হিসেবে, বা জরায়ু গহ্বরের মধ্যে আছে তা নিশ্চিত না হওয়া পর্যন্ত সব পিইউএল এর ফলো-আপ করা হবে। মাঝে মাঝে অবস্থান নিশ্চিত করা যায় না, সেক্ষেত্রে হরমোনের মাত্রা পরীক্ষা একটু বেশি সময় ধরে চলতে পারে।

## অজানা অবস্থানে গর্ভধারণের কারণগুলো কী কী?

চারটি কারণে আপনার অজানা স্থানে গর্ভধারণ হয়েছে বলে চিহ্নিত হতে পারে:

- আপনার গর্ভধারণটি সঠিক সময়ের আগেই স্ক্যান করে দেখা হয়েছে। বর্তমানে প্রস্রাবের মাধ্যমে গর্ভ পরীক্ষাগুলো খুবই সূক্ষ্ম হয়, এমনকি কোনো কোনো পরীক্ষা একটি পিরিয়ড বাদ পড়ার আগেই গর্ভধারণ শনাক্ত করে। সুতরাং, একটি পিরিয়ড বাদ পড়ার পর প্রায় ছয় সপ্তাহ পর পর্যন্ত স্ক্যান করে দেখে নিশ্চিতভাবে কিছু বলা যায় না তাই কোনোকিছু পরীক্ষা করে দেখার জন্য এ সময়টা খুব তাড়াতাড়ি হয়ে যায়।
- সম্ভবত আপনার ইতোমধ্যে মিসক্যারেজ হয়েছে যদি আপনার ভারী রক্তপাত হয়ে থাকে, পিরিয়ডের মতো বা তার চেয়ে বেশি, তাহলে সম্ভবত আপনার ইতোমধ্যে মিসক্যারেজ হয়েছে এবং আপনার গর্ভাশয়ে আর কোনো গর্ভাবস্থা নেই।
- সম্ভবত আপনার এক্টোপিক গর্ভধারণ হয়েছে, যা একেবারে প্রাথমিক অবস্থায় আছে বলে স্ক্যানে ধরা পড়ছে না একটি নিষিদ্ধ ডিয়ানু জরায়ু (গর্ভাশয়) গহ্বরের বাইরে স্থাপিত হলে (আটকে গেলে) এক্টোপিক গর্ভধারণ ঘটে। গর্ভাশয়ে প্রাথমিক গর্ভাবস্থার মতোই, কোনো এক্টোপিক গর্ভধারণ প্রাথমিক অবস্থায় স্ক্যান করে দেখা না যেতে পারে।
- সম্ভবত আপনার এক্টোপিক গর্ভধারণ

হয়েছে যা ফিব্রয়েড এবং অস্পষ্ট ছবির কারণে দেখা যায়নি।

## আমার ডাক্তাররা কিভাবে চূড়ান্ত নির্ণয়ে পৌঁছাবেন?

এটি আপনার আর্লি প্রেগন্যান্সি ইউনিট (ইপিইউ), আল্ট্রাসাউন্ড ক্লিনিক বা হাসপাতালের স্থানীয় নীতির উপর নির্ভর করবে।

সাধারণভাবে, এর মধ্যে থাকবে রক্ত পরীক্ষা এবং সম্ভাব্য আবার আল্ট্রাসাউন্ড পরীক্ষা (স্ক্যান)।

ডাক্তাররা এক বা দুইটি হরমোন পরিমাপ করার জন্য রক্ত পরীক্ষা ব্যবহার করবেন: গর্ভাবস্থার হরমোন যা মানব কোরিওনিক গোন্যাডোট্রোফিন (hCG) নামে পরিচিত এবং কখনো কখনো প্রোজেস্টেরন। কিছু ইউনিট একবারে এই দুইটি হরমোনের মাত্রা পরিমাপ করবে এবং অন্যরা hCG এর দুইটি মাত্রা ৪৮ ঘণ্টা পার্থক্যে নেবে।

HCG হরমোন গর্ভাবস্থার সময় প্রারম্ভিক বর্ধনশীল প্লাসেন্টা দ্বারা উৎপাদিত হয়, গর্ভাবস্থা যেখানেই হোক না কেন। HCG প্রথমে গর্ভধারণের প্রায় ১১ দিন পরে রক্ত পরীক্ষার মাধ্যমে শনাক্ত করা যেতে পারে এবং একটি স্বাস্থ্যকর গর্ভাবস্থায়, সাধারণত গর্ভাবস্থার প্রথম ৮ থেকে ১১ সপ্তাহের মধ্যে বৃদ্ধি পাবে, তারপরে গর্ভাবস্থার বাকি সময়ের জন্য মাত্রা কমে বা বন্ধ হয়ে যাবে। hCG এর কারণেই ‘সকালের অসুস্থতা’ হয়ে থাকে যা অনেকে গর্ভাবস্থার প্রথম দিকে অনুভব করেন। প্রোজেস্টেরন হলো কর্পাস লুটিয়াম সিস্ট দ্বারা তৈরি হরমোন, যা প্রতিটি ডিম্বেস্ফটনের পরে ডিম্বাশয়ের উপর তৈরি হয়। গর্ভবতী না হলে, প্রোজেস্টেরন কেবল দুই সপ্তাহের জন্য তৈরি হয়, এরপর কর্পাস লুটিয়াম অদৃশ্য হয়ে যায়,

পিরিয়ড শুরু হয় এবং একটি নতুন চক্র শুরু হয়। গর্ভাবস্থায়, প্রথম ১৩ সপ্তাহের জন্য এই সিস্টটি থাকতে এবং প্রোজেস্টেরন নিঃসরণ চালিয়ে যেতে প্রণোদিত হয়।

PUL এর ব্যবস্থাপনা নির্দেশিত করার জন্য HCG ও প্রোজেস্টেরন ব্যবহার করা হয়। কিছু ডাক্তার প্রথম পরিদর্শনের সময় প্রোজেস্টেরন পরিমাপ করেন, এছাড়াও hCG প্রথম পরিদর্শনে পরিমাপ করা হয় এবং তারপরে বেশিরভাগ ক্ষেত্রে ৪৮ ঘণ্টা পরে পরিমাপ করা হয়। কম প্রোজেস্টেরন ও hCG মাত্রা হ্রাস ইঙ্গিত করতে পারে যে গর্ভাবস্থা আর বাড়ছে না, বা গর্ভাবস্থা দুর্ভাগ্যবশত গর্ভপাত হিসেবে ইতোমধ্যে/পতিত হয়েছে।

উচ্চ প্রোজেস্টেরন এবং সাধারণভাবে ক্রমবর্ধমান hCG ফলাফল, এখনও উপস্থিত রয়েছে এমন গর্ভাবস্থার সাথে যুক্ত, এমনকি যদি এটি স্ক্যানে দৃশ্যমান নাও হয়। এই পরিস্থিতিতে, গর্ভাবস্থা জরায়ুতে সঠিক স্থানে থাকার সম্ভাবনা সবচেয়ে বেশি থাকে। তবে, কখনো কখনো, hCG এর মাত্রা অনপযুক্তভাবে বৃদ্ধি পায়, এবং এটি এক্টোপিক গর্ভাবস্থা সৃষ্টি নির্দেশ করতে পারে। আপনার পরিচর্যাকারী ডাক্তার নিরাপদে আপনার পরিচর্যার পরবর্তী পদক্ষেপ পরিকল্পনা করার জন্য এই ফলাফল ব্যাখ্যা করবেন।

HCG এক্টোপিক গর্ভাবস্থার চিকিৎসার সর্বোত্তম উপায় নির্ধারণে সাহায্য করার জন্যও ব্যবহৃত হয়। আপনার ডাক্তার এই ফলাফল, আপনার উপসর্গ এবং আল্ট্রাসাউন্ড স্ক্যানের ফলাফলের পাশাপাশি মূল্যায়ন করবেন। ফলাফলের উপর নির্ভর করে, আপনাকে উপযুক্ত ব্যবস্থাপনার পরামর্শ দেওয়া হবে।

- আপনার হরমোনের মাত্রা স্বাভাবিকভাবে ক্রমবর্ধমান গর্ভাবস্থার সাথে সামঞ্জস্যপূর্ণ হতে

পারে যা স্ক্যানে একেবারে শুরুতে দেখা যায় না। যদি এমন ঘটে থাকে তাহলে আপনার হরমোনের মাত্রা ১০০০iu/l বা ১৫০০iu/l অতিক্রম করার পরে পুনরায় স্ক্যান করতে হবে। গর্ভাবস্থা গর্ভের ভিতরে বা বাইরে অবস্থিত হতে পারে, এই কারণেই হরমোনের মাত্রা উপযুক্ত মাত্রায় থাকলে ফলো-আপ স্ক্যান করা গুরুত্বপূর্ণ।

- আপনার হরমোনের মাত্রা অর্ধেক হ্রাস পেতে পারে, যা একটি ব্যর্থ গর্ভাবস্থা এবং সম্ভাব্য গর্ভপাতের সংকেত দেয়।

- আপনার হরমোনের মাত্রা ধীরে ধীরে হ্রাস পেতে পারে, একই থাকতে পারে অথবা বৃদ্ধি পেতে পারে যা একটি এক্টোপিক গর্ভাবস্থার ইঙ্গিত দিতে পারে।

আপনার স্বাভাবিক ক্রমবর্ধমান গর্ভাবস্থা অথবা এক্টোপিক গর্ভাবস্থা আছে বলে সন্দেহ থাকলে সাধারণত আপনাকে গর্ভাবস্থার স্থান শনাক্ত করতে চেষ্টা করার জন্য পুনরায় আল্ট্রাসাউন্ড স্ক্যানের জন্য হাসপাতালে আসতে বলা হবে। আল্ট্রাসাউন্ড স্ক্যানের সময়টি আপনার রক্তে hCG এর মাত্রার উপর নির্ভর করবে, যেমনটি আপনার রক্ত পরীক্ষার ফলাফলে দেখানো হয়েছে।

দুর্ভাগ্যবশত, যদি আপনার hCG এর মাত্রা হ্রাস পায়, আল্ট্রাসাউন্ড স্ক্যান পুনরায় করার পরিবর্তে, আপনাকে আরো রক্ত পরীক্ষার জন্য উপস্থিত হতে বা গর্ভাবস্থার হরমোনের মাত্রা অ-গর্ভবতী মাত্রায় হ্রাস পেয়েছে তা পরীক্ষা করার জন্য পুনরায় প্রস্রাবের মাধ্যমে গর্ভাবস্থা পরীক্ষা করতে বলা হতে পারে।

এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ যে যদি আপনার ব্যথা, তলপেটে (পাকস্থলি) ফোলাভাব, অজ্ঞানভাব, মল ত্যাগের সময় ব্যথা বা কাঁধের ডগায়